

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.৯৯.৮৮.২৪-৪৪৭

তারিখ: ০২ বৈশাখ ১৪৩১
১৫ এপ্রিল ২০২৪

বিষয়: কুমিল্লা জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে দাউদকান্দি উপজেলা সদরে বহুতল বিশিষ্ট আধুনিক সুপার মার্কেট নির্মাণের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, কুমিল্লা এর স্মারক নং-৪৬.২০.১৯০০.০০২.১৪.০১.২৩-২৭১, তারিখ: ০২/০৪/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলা সদরে উক্ত জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে বহুতল বিশিষ্ট আধুনিক সুপার মার্কেট নির্মাণের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পাওয়া যায়। বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণের জন্য প্রস্তাবিত ভূমির তথ্য নিম্নরূপ:

ক্রম	উপজেলার নাম	মৌজা	ভূমির পরিমাণ	দাগ নং	খতিয়ান নং
১.	দাউদকান্দি	ওজারভাঙ্গা	৩৫ শতক	৪০৫, ৪০৬, ৫২৮ ও ৫২৯ (সিএস)	১০২, ১১৯ ২০৫ ও ২০৬

২। এমতাবস্থায়, কুমিল্লা জেলা পরিষদের মালিকানাধীন ভূমিতে মার্কেট নির্মাণের বিষয়ে নিম্নবর্ণিত তথ্যসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- নির্মিতব্য মার্কেটের ডাইং, ডিজাইন ও প্রাক্কলনসহ প্রস্তাব প্রেরণ করতে হবে;
- মার্কেট নির্মাণের সম্ভাব্য ব্যয়ের পরিমাণ নির্ধারণ করতে হবে;
- সেলামীর মাধ্যমে প্রাপ্ত আয়ের পরিমাণ নির্ধারণ করতে হবে;
- দোকানের সংখ্যা;
- নির্মিতব্য দোকানের ভাড়ার পরিমাণ নির্ধারণ করতে হবে; এবং
- মার্কেট নির্মাণের বিষয়ে এ বিভাগের ২৮/১১/২০০২ তারিখের ২১৫৮নং ও ০১/০২/২০০৩ তারিখের ১৯৫নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রস্তাব প্রেরণ করতে হবে।

মাহবুবা আইরিন
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

- চেয়ারম্যান, জেলা পরিষদ, কুমিল্লা।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা।

অনুলিপি:

- যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, কুমিল্লা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা।
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।